রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ১২, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ ভাদ্র ১৪১৩/১১ সেপ্টেম্বর ২০০৬

এস, আর, ও নং ২১৯-আইন/২০০৬।—কপিরাইট আইন, ২০০০ (২০০০ সনের ২৮নং আইন) এর ধারা ১০৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

## অধ্যায়-১
## প্রাথমিক বিষয়াদি

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—এই বিধিমালা কপিরাইট বিধিমালা, ২০০৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"আইন"** অর্থ কপিরাইট আইন, ২০০০ (২০০০ সনের ২৮নং আইন);

(খ) **"কপিরাইট সমিতি", বা "সমিতি"** অর্থ বিধি ১৪ এর অধীন নিবন্ধিত কপিরাইট সমিতি;

(গ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(ঘ) **"নিবন্ধন বহি"** অর্থ বিধি ৩ এর বর্ণিত কপিরাইট নিবন্ধন বহি;

(ঙ) **"ফরম"** অর্থ প্রথম তফসিলে বর্ণিত ফরম;

(চ) **"রেকর্ড"** অর্থ কোন কর্মের হুবহু প্রতিলিপি বা পুনর্নির্মাণ বা প্রতিরূপ বা নকল বা অন্যকোন সমরূপতা;

(ছ) **"রেজিস্ট্রার"** অর্থ কপিরাইটের রেজিস্ট্রার;

(জ) **"সমিতি"** অর্থ কপিরাইট সমিতি।



মূল্য ঃ টাকা ১৪.০০

## অধ্যায়-২
## কপিরাইট নিবন্ধন

৩। **নিবন্ধন বহি।**—(১) নিম্নে উল্লিখিত ৭(সাত) খণ্ডে নিবন্ধন বহি সংরক্ষণ করা হইবে, যথা ঃ—

(ক) খণ্ড ১—সাহিত্যকর্ম, কম্পিউটার, সফ্‌টওয়্যার, নাট্য ও সঙ্গীতকর্ম;

(খ) খণ্ড ২—শিল্পকর্ম;

(গ) খণ্ড ৩—চলচ্চিত্র বিষয়ক কর্ম;

(ঘ) খণ্ড ৪—রেকর্ড;

(ঙ) খণ্ড ৫—বেতার সম্প্রচার;

(চ) খণ্ড ৬—টেলিভিশন সম্প্রচার;

(ছ) খণ্ড ৭—ই-মেইল, ওয়েবসাইট ও ইলেক্ট্রনিক যোগাযোগসহ অন্য কোন মাধ্যম।

(২) নিবন্ধন বহিতে ফরম-১ এ বিধৃত বিবরণাদি সংরক্ষিত থাকিবে।

৪। **কপিরাইট নিবন্ধনের জন্য আবেদন।**—(১) কপিরাইট নিবন্ধনের জন্য প্রতিটি আবেদন ফরম-২ এ তিন প্রস্থে দাখিল করিতে হইবে এবং নিবন্ধন বহিতে অন্তর্ভুক্ত কপিরাইট বিবরণ পরিবর্তনের বিষয় নিবন্ধনের প্রতিটি আবেদন ফরম-৩ এ তিন প্রস্থে দাখিল করিতে হইবে।

(২) প্রতিটি আবেদন কেবল একটি নির্দিষ্ট কর্ম নিবন্ধনের জন্য দাখিল করা যাইবে এবং উহার সহিত উক্ত কর্মটির একটি কপিসহ দ্বিতীয় তফসিলে নির্দিষ্টকৃত ফি জমা দিতে হইবে।

(৩) এই বিধির অধীন নিবন্ধনের জন্য আবেদন দাখিলের সময় আবেদনকারীকে উক্ত কর্মের কপিরাইটের স্বত্বের সহিত স্বার্থসংশ্লিষ্ট সকল ব্যক্তির নিকট আবেদনপত্রের কপি প্রেরণ করিতে হইবে।

(৪) রেজিস্ট্রার যদি আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এইরূপ নিবন্ধন সম্পর্কে কোন আপত্তি না পান, এবং তিনি যদি আবেদনে বিধৃত তথ্যের সত্যতা সম্পর্কে সন্তুষ্ট হন, তাহা হইলে তিনি উক্ত বিবরণসমূহ নিবন্ধন বহিতে অন্তর্ভুক্ত করিতে পারিবেন।

(৫) উপ-বিধি (৪) এর অধীন নির্ধারিত সময়ের মধ্যে রেজিস্ট্রার যদি উক্ত নিবন্ধনের বিষয়ে কোন আপত্তি পান, কিংবা তিনি যদি আবেদনে বিধৃত বিবরণসমূহের সত্যতা সম্পর্কে সন্তুষ্ট হইতে না পারেন, তাহা হইলে যথাযথ তদন্তের পর তিনি যে সকল বিবরণ উপযুক্ত মনে করিবেন সেই সকল বিবরণ নিবন্ধন বহিতে অন্তর্ভুক্ত করিতে পারিবেন।

(৬) এই বিধির অধীন কোন বিবরণাদি কোন নিবন্ধন বহিতে অন্তর্ভুক্ত করা হইলে, রেজিস্ট্রার, সম্ভাব্য ক্ষেত্রে, যথাশীঘ্র উক্ত অন্তর্ভুক্ত বিবরণাদির কপি সংশ্লিষ্ট পক্ষসমূহের নিকট প্রেরণ করিবেন।

৫। **নিবন্ধন বহিতে অন্তর্ভুক্ত বিবরণাদি সংশোধন।**—আইনের ধারা ৫৮ এর উদ্দেশ্য পূরণকল্পে, রেজিস্ট্রার স্বীয় উদ্যোগে কিংবা স্বার্থসংশ্লিষ্ট কোন ব্যক্তির আবেদনের পরিপ্রেক্ষিতে, সম্ভাব্য ক্ষেত্রে, প্রস্তাবিত সংশোধন বা পরিবর্তনের ফলে ক্ষতিগ্রস্ত হইতে পারেন এমন সকল ব্যক্তিকে শুনানির সুযোগ প্রদানপূর্বক রেজিস্ট্রার সংশোধন বা পরিবর্তন করিতে পারিবেন, এবং উক্তরূপে কোন নিবন্ধন বহি সংশোধন বা পরিবর্তন করা হইলে উহা সংশ্লিষ্ট সকলকে অবহিত করিতে হইবে।

৬। **সূচি (Index)।**—(১) কপিরাইট অফিসে নিবন্ধন বহির প্রতি খণ্ডের নিম্নবর্ণিত সূচি সংরক্ষণ করিতে হইবে, যথা ঃ—

(ক) সাধারণ লেখক সূচি;

(খ) সাধারণ শিরোনাম সূচি;

(গ) প্রতিটি ভাষায় কর্মের একটি লেখক সূচি;

(ঘ) প্রতিটি ভাষায় কর্মের সূচি।

(২) প্রতিটি সূচি বর্ণানুক্রমিকভাবে কার্ড আকারে প্রস্তুতক্রমে সাজাইয়া রাখিতে হইবে।

৭। **রেজিস্টার ও সূচিসমূহ পরিদর্শন।**—(১) যে কোন ব্যক্তি দ্বিতীয় তফসিলে নির্দিষ্টকৃত ফি প্রদান করিয়া রেজিস্ট্রারের তত্ত্বাবধানে রক্ষিত নিবন্ধন বহি বা সূচিসমূহ বা অংশবিশেষের কপি সংগ্রহ করিতে পারিবেন।

(২) রেজিস্ট্রার উক্ত ক্ষেত্রে প্রাপ্ত আবেদনের দ্বিতীয় তফসিলে নির্দিষ্টকৃত ফি গ্রহণ করিয়া নিবন্ধন বহি ও সূচির অন্তর্ভুক্ত সকল বিবরণাদির সহিমোহর নকল প্রস্তুত করিয়া সরবরাহ করিবেন।

## অধ্যায়-৩
## অনুবাদ কর্মের লাইসেন্স

৮। **লাইসেন্সের জন্য আবেদন।**—(১) আইনের ধারা ৫২ এর অধীন বাংলাদেশে যে কোন ভাষায় কিংবা বাংলাদেশে সাধারণভাবে ব্যবহৃত হয় এমন ভাষায় কোন সাহিত্য বা নাট্যকর্মের অনুবাদ প্রণয়ন ও প্রকাশের লাইসেন্স পাওয়ার জন্য ফরম-৪ এ তিন প্রস্থে বোর্ডের নিকট আবেদন করিতে হইবে এবং উক্ত আবেদনের সহিত দ্বিতীয় তফসিলে নির্দিষ্টকৃত ফি প্রদানপূর্বক উহার রশিদ দাখিল করিতে হইবে।

(২) একটি কর্মের জন্য এইরূপ প্রত্যেকটি আবেদন একটি ভাষায় অনুবাদের জন্য হইতে হইবে।

(৩) বোর্ড, যথাশীঘ্র সম্ভব, সরকারি গেজেটে, এবং যথার্থ মনে করিলে, এক বা একাধিক সংবাদপত্রে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নোটিশ প্রকাশের ব্যবস্থা করিবে এবং উক্ত নোটিশের একটি কপি কপিরাইটের স্বত্বাধিকারীর নিকট প্রেরণ করিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন জারিকৃত নোটিশে নিম্নবর্ণিত বিবরণাদি থাকিবে, যথা ঃ—

(ক) আবেদনের তারিখ;

(খ) আবেদনকারীর নাম, ঠিকানা ও জাতীয়তা;

(গ) যে কর্মটি অনুবাদ করা হইবে উহার বিবরণ;

(ঘ) কর্মটির প্রথম প্রকাশের তারিখ এবং উহা কোন দেশে প্রকাশিত হইয়াছে;

(ঙ) কপিরাইটের মালিকের নাম, ঠিকানা ও জাতীয়তা;

(চ) যে ভাষায় কর্মটি অনুবাদ করা হইবে উহার নাম; এবং

(ছ) কর্মটির নিবন্ধন নম্বর, যদি থাকে।

৯। **আবেদন বিবেচনা**।—(১) বিধি ৮(৩) এর অধীন সরকারি গেজেটে নোটিশ প্রকাশিত হইবার তারিখ হইতে কমপক্ষে ১২০ (একশত বিশ) দিন অতিবাহিত হইবার পর বোর্ড আবেদনটি বিবেচনা করিবে।

(২) বোর্ড আবেদনকারী ও কর্মটির মেধাস্বত্বের দাবিদার এমন সকল ব্যক্তিকে শুনানির সুযোগ প্রদান করিবে এবং উপযুক্ত মনে করিলে উক্ত আবেদনে বিধৃত তথ্য সম্পর্কে সাক্ষ্য প্রমাণাদি গ্রহণ করিতে পারিবে।

(৩) সরকারি গেজেটে নোটিশ প্রকাশিত হইবার তারিখ হইতে কমপক্ষে ১২০ (একশত বিশ) দিন অতিবাহিত হইবার পর বোর্ডের নিকট যদি কর্মটি একই ভাষায় অনুবাদের জন্য একাধিক আবেদন বিবেচনাধীন থাকে সেইক্ষেত্রে বোর্ড এইরূপ সকল আবেদন একসঙ্গে বিবেচনার জন্য গ্রহণ করিবে।

(৪) যে ভাষায় অনুবাদের জন্য আবেদন দাখিল করা হইয়াছে সেই ভাষায় কর্মটি অনুবাদের জন্য আবেদনকারীকে লাইসেন্স প্রদান করা যায় বলিয়া বোর্ড যদি নিশ্চিত হয়, তাহা হইলে, কিংবা একাধিক আবেদন বিবেচনাধীন থাকার ক্ষেত্রে, যাহার আবেদন সর্বাধিক জনস্বার্থ রক্ষা করিবে বলিয়া বোর্ড মনে করিবে, তাহাকে ফরম ৭ এ লাইসেন্স প্রদান করিবার জন্য রেজিস্ট্রারকে নির্দেশ প্রদান করিবে।

(৫) আইনের ধারা ৫২(৬)(ক) তে বর্ণিত রয়্যালটি প্রদান সম্পর্কিত শর্ত সাপেক্ষে, এইরূপ প্রতিটি লাইসেন্স প্রদান করা হইবে এবং উহাতে নিম্নলিখিত বিষয়াবলী নির্ধারণ করিয়া দেওয়া হইবে,—

(ক) কতদিনের মধ্যে অনুবাদ কর্মটি প্রণীত ও প্রকাশিত হইবে উহার মেয়াদ;

(খ) কোন ভাষায় অনুবাদ কর্ম প্রণীত ও প্রকাশিত হইবে উহার বিবরণ;

(গ) কপিরাইটের স্বত্বাধিকারীকে অনুবাদকর্মের বিক্রিত কপির মূল্যের উপর প্রদত্ত রয়্যালটির হার; এবং

(ঘ) রয়্যালটি প্রদেয় ব্যক্তি বা ব্যক্তিগণের নাম।

(৬) উপ-বিধি (৪) এর অধীন কোন লাইসেন্স প্রদান করা হইলে উহা, যথাশীঘ্র, সরকারি গেজেটে এবং যেইক্ষেত্রে কোন নোটিশ সংবাদপত্রে প্রকাশ করা হইয়া থাকিলে সেই সংবাদপত্রে প্রকাশ করিতে হইবে এবং উক্ত লাইসেন্স মঞ্জুরের বিষয়টি অন্যান্য পক্ষকে অবহিত করিতে হইবে।

১০। **রয়্যালটি নির্ধারণ পদ্ধতি**।—বোর্ড নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করিবার পর আইনের ধারা ৫২(৬)(ক) এর অধীন কপিরাইটের স্বত্বাধিকারীকে প্রদেয় রয়্যালটি নির্ধারণ করিবে,—

(ক) অনুদিত কর্মটির প্রতি কপির খুচরা বিক্রয়মূল্য;

(খ) কর্মটির অনুবাদের ক্ষেত্রে, রয়্যালটি প্রদানের বর্তমান মানদণ্ড; এবং

(গ) বোর্ড, প্রাসঙ্গিক বলিয়া বিবেচনা করে এইরূপ অন্য যে কোন বিষয়।

১১। **লাইসেন্সের মেয়াদ বৃদ্ধিকরণ**।—বোর্ড লাইসেন্সধারীর আবেদনের পরিপ্রেক্ষিতে, কপিরাইটের স্বত্বাধিকারীকে যথাযথ নোটিশ প্রদানের পর, যদি সন্তুষ্ট হয় যে, লাইসেন্সে প্রদত্ত সময়সীমার মধ্যে সঙ্গত কারণে লাইসেন্সধারীর পক্ষে অনুবাদকর্ম সম্পন্ন করিয়া প্রকাশ করা সম্ভব নহে, তাহা হইলে বোর্ড উক্ত সময়সীমা বৃদ্ধি করিতে পারিবে।

১২। **লাইসেন্স বাতিলকরণ**।—বোর্ড, লাইসেন্সধারী ব্যক্তিকে শুনানির সুযোগ প্রদান করিয়া, নিম্নবর্ণিত যে কোন কারণে লাইসেন্স বাতিল করিতে পারিবে, যথা :—

(ক) লাইসেন্সধারী ব্যক্তি লাইসেন্সে নির্ধারিত কিংবা লাইসেন্সধারীর আবেদনের পরিপ্রেক্ষিতে বর্ধিত সময়ের মধ্যে অনুবাদকর্ম প্রণয়ন ও প্রকাশ করিতে ব্যর্থ হইলে;

(খ) লাইসেন্সধারী ব্যক্তি প্রতারণা কিংবা কোন অত্যাবশ্যকীয় কোন তথ্য গোপন করিয়া লাইসেন্স পাইয়া থাকিলে; এবং

(গ) লাইসেন্সধারী ব্যক্তি লাইসেন্সের কোন শর্ত লঙ্ঘন করিয়া থাকিলে।

## অধ্যায়-৪

## রেকর্ড প্রস্তুতকরণ

১৩। **রেকর্ড প্রস্তুতকরণ**।—(১) কোন ব্যক্তি কোন কর্মের রেকর্ড প্রস্তুত করিতে চাহিলে উক্ত কর্মের কপিরাইটের স্বত্বাধিকারী ও বোর্ডকে রেকর্ড প্রস্তুতের অন্যূন ৬০ (ষাট) দিন পূর্বে নোটিশ প্রদান করিতে হইবে এবং রেকর্ড প্রস্তুত করিবার পূর্বে, কপিরাইটের স্বত্বাধিকারীকে বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে ধার্য হারে সমুদয় রেকর্ডের জন্য প্রদেয় রয়্যালটি পরিশোধ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত নোটিশে নিম্নবর্ণিত তথ্য অন্তর্ভুক্ত থাকিতে হইবে, যথাঃ—

(ক) যে কর্মের রেকর্ড প্রস্তুত করিতে হইবে উহার বিবরণ;

(খ) কর্মটি রেকর্ড করিবার সময় যদি অভিযোজন প্রক্রিয়ায় কোন পরিবর্তন ও বর্জনের বিষয় থাকিলে উক্ত বিষয়;

(গ) কর্মটির কপিরাইটের স্বত্বাধিকারীর নাম, ঠিকানা ও জাতীয়তা;

(ঘ) যে কর্মটির রেকর্ড তৈরি করা হইবে তৎসম্পর্কিত অন্যান্য তথ্য; এবং

(ঙ) যে পরিমাণ রেকর্ড তৈরি করা হইবে উহার সংখ্যা।

## অধ্যায়-৫

## কপিরাইট সমিতি

১৪। **কপিরাইট সমিতি নিবন্ধন।**—(১) আইনের ধারা ৪১ এর অধীন কপিরাইটের দ্বারা সংরক্ষিত যে কোন ধরনের কর্মের ক্ষেত্রে লাইসেন্স ইস্যু বা মঞ্জুর করিবার উদ্দেশ্যে, কপিরাইট সমিতি গঠন করিতে হইলে তিন বা ততোধিক কপিরাইট স্বত্বাধিকারী সমন্বয়ে গঠিত সংগঠনকে পরিচালনা পর্ষদের সকল সদস্যের স্বাক্ষরে প্রয়োজনীয় কাগজপত্রসহ ফরম ৮ এ রেজিস্ট্রারের নিকট আবেদন করিতে হইবে।

(২) উক্ত আবেদনের সহিত যে সকল প্রয়োজনীয় কাগজপত্র যুক্ত করিতে হইবে উহা নিম্নরূপ ঃ—

(ক) সংগঠনের সঙ্ঘ-স্মারক ও সঙ্ঘবিধির একটি কপি;

(খ) পরিচালনা পর্ষদের সদস্য হিসাবে কার্য করিবার উদ্দেশ্যে, আবেদনে উল্লিখিত ব্যক্তিগণের লিখিত সম্মতি; এবং

(গ) আবেদনের উদ্দেশ্য সম্বলিত একটি ঘোষণাপত্র।

(৩) নিবন্ধনের জন্য নিম্নবর্ণিত শর্তসমূহ প্রযোজ্য হইবে—

(ক) আবেদনকারীকে কার্যক্রম পরিচালনা করিবার জন্য যথেষ্ট পেশাগত দক্ষতা এবং ব্যয় নির্বাহের জন্য পর্যাপ্ত তহবিলের অধিকারী হইতে হইবে;

(খ) আবেদনকারীকে কপিরাইটের প্রকৃত স্বত্বাধিকারী হইতে হইবে এবং স্বেচ্ছায় আবেদনে স্বাক্ষর করিতে হইবে;

(গ) আইন ও এই বিধিমালার অধীন কার্য পরিচালনার উদ্দেশ্যে দেশে অন্য কোন প্রতিষ্ঠানের অনুপস্থিতি;

(ঘ) আবেদন সকল দিক হইতে স্বয়ংসম্পূর্ণ হইতে হইবে।

(৪) রেজিস্ট্রার আবেদন প্রাপ্তির পর সরকারের নিকট উহা দাখিল করিবেন এবং সরকার রেজিস্ট্রার কর্তৃক আবেদপত্র প্রাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে উপ-বিধি (৩) এর অধীন শর্তসমূহের আলোকে আবেদন নিবন্ধনভুক্ত কিংবা বাতিল করিতে পারিবেন।

(৫) উপ-বিধি (৪) এর অধীন সরকারের অনুমোদন প্রাপ্তির পর ফরম ৯ এ স্বহস্তে সীল সংযুক্ত করিয়া রেজিস্ট্রার সমিতি হিসাবে নিবন্ধনের সার্টিফিকেট প্রদান করিবেন এবং উক্ত সমিতি নিবন্ধিত নামে কার্য করিবার অধিকারপ্রাপ্ত হইবে।

১৫। **অধিকারের ক্ষমতার্পণ।**—কোন অধিকার পরিচালনার জন্য সমিতি অধিকারসমূহ বা অধিকারের স্বত্বাধিকারী কিংবা তাহার নিকট হইতে যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট হইতে পূর্ণাঙ্গ ক্ষমতাপত্র গ্রহণ করিবে, যদি এইরূপ স্বত্বাধিকারী বা প্রতিনিধি কপিরাইট সমিতির সহিত লিখিতভাবে চুক্তিবদ্ধ হইয়া থাকেন, যাহাতে পরিচালনাধীন অধিকারসমূহ, এইরূপ অধিকারের মেয়াদ, আলোচনার মাধ্যমে নির্ধারিত ফি এর পরিমাণ এবং ট্যারিফ ও বন্টনের তফসিল অনুসারে সমিতিকে কতবার ফি পরিশোধ করিতে হইবে এইরূপ সকল বিষয় নির্দিষ্ট থাকিবে।

১৬। **অধিকারের ক্ষমতার্পণ প্রত্যাহার।**—সমিতি চুক্তিপত্রে বর্ণিত শর্তাবলী পূরণে ব্যর্থ হইলে কপিরাইটের স্বত্বাধিকারী চুক্তির অধীন বিদ্যমান দাবি বা অধিকার ক্ষুণ্ন না করিয়া, ১ (এক) বৎসর পূর্বে নোটিশ প্রদানের শর্তে, এইরূপ ক্ষমতার্পণ প্রত্যাহার করিতে পারিবে।

১৭। **লাইসেন্স প্রদান, ফি সংগ্রহ ও এইরূপ ফি বন্টনের শর্ত।**—(১) কোন সমিতি উহার নিজস্ব ট্যারিফ স্কীম অনুযায়ী কেবল সেই সকল কর্মের লাইসেন্স প্রদান, এতদসংক্রান্ত ফি সংগ্রহ এবং এই সকল কর্মের অধিকার পরিচালনা (উক্ত কার্যাদি পরিচালনা করিবার অধিকার প্রদান করা পর্যন্ত) করিতে পারিবে।

(২) সমিতির প্রশাসনিক ব্যয় বাবদ সংগৃহীত ফি হইতে অনধিক ২০% কর্তন করিয়া উহা উক্ত সমিতির সদস্যগণের মধ্যে বন্টন করা যাইবে।

১৮। **সমিতি কর্তৃক রেকর্ড সংরক্ষণ।**—সমিতি উহার রেজিস্টার্ড অফিস বা প্রশাসনিক অফিসে নিম্নবর্ণিত নিবন্ধনসমূহ (রেজিস্টার) সংরক্ষণ করিবে—

(ক) 'স্বত্বাধিকারী রেজিস্টার', যাহাতে অধিকারসমূহের স্বত্বাধিকারীগণের নাম, ঠিকানা, কপিরাইট সমিতিকে প্রদত্ত অধিকারের প্রকৃতি, কপিরাইট সমিতির ক্ষমতাপ্রাপ্ত কর্মের প্রকাশের তারিখ এবং এইরূপ অধিকারসমূহের মেয়াদ উল্লেখ থাকিবে;

(খ) 'চুক্তি রেজিস্টার', যাহাতে কপিরাইট স্বত্বাধিকারী এবং সমিতির মধ্যে স্বাক্ষরিত প্রতিটি চুক্তির একটি করিয়া কপি অন্তর্ভুক্ত থাকিবে;

(গ) 'ফি রেজিস্টার', যাহাতে যে সকল ব্যক্তি বা প্রতিষ্ঠান হইতে ফি গ্রহণ করা হইয়াছে উহাদের নাম উল্লেখসহ ফি এর বিবরণ, গৃহীত ফি এর পরিমাণ এবং আদায়ের তারিখ উল্লেখ থাকিবে;

(ঘ) 'অর্থ প্রদান রেজিস্টার', যাহাতে স্বত্বাধিকারীগণের নাম, কপিরাইটের নাম, কপিরাইটের প্রকৃতি এবং অর্থ প্রদানের তারিখ ও পরিমাণসহ বিস্তারিত বিবরণাদি অন্তর্ভুক্ত থাকিবে।

১৯। **অডিট ও হিসাব সংরক্ষণ।**—(১) প্রত্যেক সমিতি প্রতি অর্থ বৎসরে আদায়কৃত ফি ও রয়্যালটি এবং উহা হইতে অধিকারসমূহের স্বত্বাধিকারগণকে প্রদত্ত অর্থ এবং অধিকারসমূহের স্বত্বাধিকারীগণের অনুমোদন সাপেক্ষে, প্রশাসনিক ব্যয় ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয়ের যথাযথ হিসাব সংরক্ষণ করিতে হইবে।

(২) প্রত্যেক সমিতি একজন চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টের দ্বারা উহার হিসাব নিরীক্ষা করাইবে।

২০। **বার্ষিক সাধারণ সভা।**—(১) প্রত্যেক সমিতি প্রতি বৎসর উহার সঙ্ঘবিধি মোতাবেক একটি সভার মাধ্যমে উহার রেজিস্টার্ড অফিসে কিংবা প্রশাসনিক অফিসে অধিকারসমূহের স্বত্বাধিকারীগণের সম্মতিতে একটি সাধারণ সভার আয়োজন করিবে যাহা সাধারণ সভা নামে অভিহিত হইবে।

(২) বার্ষিক সাধারণ সভায় যে সকল বিষয় উপস্থাপন করা হইবে উহা নিম্নরূপ ঃ—

(ক) নিবন্ধন বহিতে সংরক্ষিত অধিকারসমূহের স্বত্বাধিকারীগণের একটি হালনাগাদ তালিকা;

(খ) ট্যারিফ স্কীম;

(গ) বন্টন ব্যবস্থা;

(ঘ) পূর্ববর্তী বৎসরসমূহের নিরীক্ষিত হিসাব;

(ঙ) সরকার কর্তৃক অনুমোদিত পূর্ববর্তী বৎসরসমূহের কর্মকাণ্ডের বিবরণসহ একটি প্রতিবেদন; এবং

(চ) পরবর্তী বৎসরের বিস্তারিত বাজেট প্রাক্কলন।

২১। **রেজিস্ট্রারের নিকট সমিতির হিসাব**।—প্রত্যেক সমিতি সাধারণ সভা সমাপ্ত হইবার ৩ (তিন) মাসের মধ্যে রেজিস্ট্রারের নিকট উহার বার্ষিক হিসাব প্রতিবেদন পেশ করিবে, যাহাতে নিম্নবর্ণিত বিষয়াবলী অন্তর্ভুক্ত থাকিবে—

(ক) স্বত্বাধিকারীগণের (যাহারা স্বশরীরে কিংবা কাহারও প্রতিনিধি হইয়া সভায় যোগদান করিয়াছে) সমন্বয়ে অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভার তারিখ এবং সভার কার্যবিবরণী;

(খ) অধিকারসমূহের স্বত্বাধিকারীগণের হালনাগাদ তালিকা;

(গ) সমিতির নিরীক্ষিত হিসাব;

(ঘ) ট্রারিফ ব্যবস্থা;

(ঙ) বন্টন ব্যবস্থা;

(চ) সরকার কর্তৃক অনুমোদিত স্বত্বাধিকারীগণের অধিকার সম্পর্কিত বার্ষিক কার্যক্রমের প্রতিবেদন।

২২। **ট্যারিফ ও বন্টন ব্যবস্থা**।—যেই তারিখে কোন সমিতি উহার কপিরাইট কার্যক্রম পরিচালনা করিবার জন্য ক্ষমতাপ্রাপ্ত হইয়াছে, সেই তারিখ হইতে ৩ (তিন) মাস পর উক্ত সমিতি উহার ট্যারিফ ব্যবস্থা চালু করিবে এবং উক্তরূপে ট্যারিফ ব্যবস্থা চালু হইলে উহাতে উক্ত সমিতির পরিচালনাধীন কপিরাইট বা অন্যান্য অধিকারসমূহের অধীন আদায়কৃত ফি বা রয়্যালটির প্রকৃতি ও পরিমাণ এবং স্বত্বাধিকারীগণের দ্বারা ট্যারিফ ব্যবস্থায় নির্দিষ্ট ফি বা রয়্যালটি আদায় ও বন্টনের প্রক্রিয়াও বর্ণিত থাকিবে।

২৩। **সমিতির সাধারণ সভা**।—(১) ট্যারিফ ও বন্টন ব্যবস্থা চালু হইবার পর সমিতি এই ব্যবস্থা অনুমোদনের জন্য অধিকারসমূহের স্বত্বাধিকারীগণের মধ্যে সাধারণ সভা আহ্বান করিবে।

(২) সভার ন্যূনতম ২১ (একুশ) দিন পূর্বে ট্যারিফ ও বন্টন ব্যবস্থার একটি কপিসহ অধিকারসমূহের প্রত্যেক স্বত্বাধিকারীকে নোটিশ প্রদান করিতে হইবে; উক্ত নোটিশে সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকিবে যে, যদি উক্ত ট্যারিফ ও বন্টন ব্যবস্থা সম্পর্কে অধিকারসমূহের কোন স্বত্বাধিকারীর কোন আপত্তি থাকে, তাহা হইলে তিনি তাহার কর্মের অধিকার পরিচালনা করিবার জন্য সমিতিকে যে ক্ষমতা প্রদান করিয়াছেন উহা প্রত্যাহার করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এ বিধৃত বিষয়াদি অনুমোদনকারী ও তৎসম্পর্কে আপত্তি উত্থাপনকারী স্বত্বাধিকারীগণের নামের তালিকা পৃথকভাবে সমিতিতে সংরক্ষণ করিতে হইবে।

(৪) সভায় ব্যক্তিগতভাবে উপস্থিত সংখ্যাগরিষ্ঠের সম্মতিতে ট্যারিফ ও বন্টন ব্যবস্থা অনুমোদিত হইবে।

(৫) সমিতির সদস্যগণের এক-তৃতীয়াংশের উপস্থিতিতে সভার কোরাম পূরণ হইবে।

(৬) সংশোধনের উদ্দেশ্যে আয়োজিত পরবর্তী সাধারণ সভায় গৃহীত সম্মতি ব্যতীত সমিতি উহার অনুমোদিত ট্যারিফ ও বন্টন ব্যবস্থায় কোন সংশোধন করিতে পারিবে না।

২৪। **তদন্ত প্রক্রিয়া।**—(১) রেজিস্ট্রার বা কোন স্বত্বাধিকারীর উত্থাপিত অভিযোগের ভিত্তিতে সরকারের যদি বিশ্বাস করিবার যুক্তিসংগত কারণ থাকে যে, কোন সমিতি উহার অধীন অধিকারসমূহের স্বত্বাধিকারীগণের স্বার্থের পরিপন্থী কার্য করিতেছে, তাহা হইলে নিম্নবর্ণিত শর্তাধীনে উক্ত সমিতির নিবন্ধন বাতিল বা স্থগিত করিবার লক্ষ্যে তদন্ত করা যাইবে—

(ক) সরকার উক্ত সমিতিকে অভিযোগসমূহের একটি কপি প্রদান করিবে; এবং সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগ খন্ডনমূলক লিখিত প্রতিবেদন পেশ করিতে ও উক্ত সমিতি শুনানির সুযোগ গ্রহণ করিতে ইচ্ছুক কি-না তদবিষয়ে অবহিত করিবার নির্দেশ দেওয়া যাইবে;

(খ) দফা (ক) এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর সরকার যদি মনে করে যে, বিষয়টি তদন্তযোগ্য, তাহা হইলে সরকার অভিযোগসমূহ তদন্ত করিবার নির্দেশ প্রদান করিবে এবং ন্যূনতম উপ-সচিব বা সমপদমর্যাদার একজন কর্মকর্তাকে তদন্ত কর্মকর্তা হিসাবে নিযুক্ত করিবে;

(গ) দফা (খ) এর অধীন নিযুক্ত তদন্ত কর্মকর্তার তদন্ত পরিচালনার সুবিধার্থে তাহাকে সহায়তা করিবার জন্য সরকার মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের একজন অফিসারকে নিয়োগ করিতে পারিবে;

(ঘ) সংশ্লিষ্ট সমিতি উক্ত তদন্তভিত্তিক সকল প্রকার সহযোগিতা করিবে এবং প্রয়োজনীয় সকল প্রকার দলিলাদি সরবরাহ করিবে।

(২) তদন্তকারী কর্মকর্তার তদন্ত অনুযায়ী উক্ত সমিতির বিপক্ষে অভিযোগ সত্য বলিয়া প্রমাণিত হইলে কিংবা উক্ত সমিতি তদন্তকারী কর্মকর্তাকে সহযোগিতা করিতে ব্যর্থ হইলে সরকার উক্ত সমিতির নিবন্ধন বাতিল করিতে পারিবে।

২৫। **নিবন্ধন স্থগিত ও প্রশাসনিক নিয়োগ।**—(১) বিধি ২৪ এর অধীন তদন্তকার্য চলাকালীন সরকার যদি এই মত পোষণ করে যে, অধিকারসমূহের সংশ্লিষ্ট মালিকের স্বার্থে সমিতির নিবন্ধন স্থগিত রাখা প্রয়োজন, সেইক্ষেত্রে সরকার, আদেশ দ্বারা, অনূর্ধ্ব ৬ (ছয়) মাসের জন্য সমিতির নিবন্ধন স্থগিত করিতে পারিবে, এবং সমিতির কার্যক্রম পরিচালনার জন্য একজন প্রশাসক নিয়োগ করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রশাসক নিয়োগের পর, সমিতির সকল ক্ষমতা তাহার উপর ন্যস্ত হইবে এবং সমিতির সাধারণ পরিষদ ব্যতীত অন্যান্য সকল প্রতিনিধিমূলক পর্ষদ বা কমিটি স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে।

(৩) এই বিধির অধীন নিযুক্ত প্রশাসক কমিটিসমূহের স্থগিতাদেশের মেয়াদ সমাপ্ত হইবার ৬ (ছয়) মাসের মধ্যে উক্ত কমিটিসমূহ পুনর্গঠনের জন্য নির্বাচনের আয়োজন করিবে এবং প্রশাসক যদি উক্ত সময়ে নির্বাচন অনুষ্ঠানে ব্যর্থ হন, তাহা হইলে স্থগিত কমিটিসমূহ উহাদের মূল মেয়াদ-কাল হইতে স্থগিতাদেশের মেয়াদ বাদ দিয়া অবশিষ্ট সময়ের জন্য পুনরায় কার্যকর হইবে।

২৬। **নিবন্ধন বাতিলকরণ।**—সমিতির নিবন্ধন সরকার কর্তৃক বাতিল হইতে পারে, যদি—

(ক) নিবন্ধনের জন্য দাখিলকৃত আবেদনে উল্লিখিত কোন তথ্য যে কোন সময় অসত্য বা ভ্রান্ত বা বিভ্রান্তিকর বলিয়া প্রমাণিত হয়;

(খ) একজন কর্মকর্তা কর্তৃক তদন্ত কার্যপরিচালনা ও শুনানির সুযোগ প্রদানের পর সরকার যদি এই মর্মে নিশ্চিত হয় যে, অধিকারসমূহের সংশ্লিষ্ট স্বত্বাধিকারীগণের স্বার্থের জন্য ক্ষতিকর কোন কার্য সমিতি করিয়াছে;

(গ) সমিতি যদি উহার হিসাব-নিরীক্ষা করাইতে ক্রমাগতভাবে ব্যর্থ হয়;

(ঘ) কপিরাইট কার্য বহির্ভূত কোন উদ্দেশ্যে উহার অর্থ ব্যবহার করিয়া থাকে।

## অধ্যায়-৬

## কপিরাইট পরিত্যাগ

২৭। **পরিত্যাগের নোটিশ।**—কোন কর্মের কপিরাইটের স্বত্বাধিকারী কপিরাইটে বর্ণিত সকল কিংবা যে কোন অধিকার পরিত্যাগ করিতে আগ্রহী হইলে, তিনি ফরম ৫ এর মাধ্যমে নিবন্ধককে নোটিশ প্রদান করিবেন।

## অধ্যায়-৭

## অধিকার-লঙ্ঘনকারী অনুলিপি আমদানি

২৮। **অধিকার-লঙ্ঘনকারী অনুলিপি আমদানি সংক্রান্ত বিধান।**—(১) আইনের ধারা ৭৪(১) এর উদ্দেশ্য পূরণকল্পে, প্রতিটি আবেদন ফরম ৬ এ দাখিল করিতে হইবে এবং উক্ত আবেদনের সহিত দ্বিতীয় তফসিল-এ নির্দিষ্ট ফি পরিশোধ করিয়া উহার রশিদ দাখিল করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন আবেদন দাখিল হইলে, রেজিস্ট্রার কিংবা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি আইনের ধারা ৭৪ এর উপ-ধারা (২) ও (৩) এর অধীন যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন এবং উক্ত উদ্দেশ্যে শুল্ক কর্তৃপক্ষের সহিত যৌথভাবে কার্যসম্পাদন করিবেন।

## অধ্যায়-৮

## কপিরাইট বোর্ড

২৯। **কপিরাইট বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণের দায়িত্ব সম্পর্কিত শর্ত।**—(১) সরকার যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ শর্তে অনূর্ধ্ব ৫ (পাঁচ) বৎসর মেয়াদে বোর্ডের চেয়ারম্যান ও সদস্যদের নিয়োগ করা হইবে।

(২) বোর্ডের চেয়ারম্যান ও সদস্যদের নিয়োগের মেয়াদ সমাপ্ত হইলে তাহারা পুনর্নিয়োগের যোগ্য হইবেন।

(৩) বোর্ডের চেয়ারম্যান বা অন্য কোন সদস্য সরকারের নিকট ৩ (তিন) মাসের লিখিত নোটিশ প্রদান করিয়া দায়িত্ব হইতে অব্যাহতি গ্রহণ করিতে পারিবেন।

(৪) বোর্ডের চেয়ারম্যান ও অন্যান্য সদস্যগণ সরকার কর্তৃক নির্ধারিত বেতন বা সম্মানী বা যাতায়াত খরচ প্রাপ্য হইবেন।

(৫) বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণের চাকুরির অন্যান্য শর্ত সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

৩০। **বোর্ডের সাচিবিক দায়িত্ব**।—বোর্ডের চেয়ারম্যানের নিয়ন্ত্রণে ও নির্দেশে রেজিস্ট্রার বোর্ডের সাচিবিক দায়িত্ব পালন করিবেন।

## অধ্যায়-৯

## বিবিধ

৩১। **আবেদনপত্র, ইত্যাদি প্রস্তুত ও প্রেরণের ধরন**।—আইন কিংবা এই বিধির অধীন প্রস্তুত করিতে বা প্রদান করিতে হইবে এমন বা প্রেরিতব্য প্রতিটি আবেদনপত্র, নোটিশ, প্রতিবেদন কিংবা অন্য কোন প্রমাণপত্র, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ভিন্নভাবে নির্দেশিত না হইলে, স্বহস্তে অথবা রেজিস্টার্ড ডাকে প্রেরণ করিতে হইবে।

৩২। **বোর্ড কর্তৃক যোগাযোগ, ইত্যাদির ধরন**।—বোর্ড, কপিরাইট অফিস কিংবা রেজিস্ট্রার কর্তৃক প্রেরিত প্রতিটি বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট ব্যক্তির নিকট পৌছানো হইয়াছে বলিয়া গণ্য হইবে, যদি উক্ত বিজ্ঞপ্তি উক্ত ব্যক্তির পরিচিত ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করা হইয়া থাকে।

৩৩। **ফি**।—(১) আইন বা এই বিধিমালার অধীন যে কোন বিষয়ে প্রদেয় ফি প্রদানের বিষয়ে দ্বিতীয় তফসিলে উল্লিখিত হারে প্রদেয় হইবে।

(২) বাংলাদেশের কোন তফসিলী ব্যাংকের ব্যাংকড্রাফট, কোন সরকারি ট্রেজারি বা সাব- ট্রেজারিতে জমার মাধ্যমে নিম্নবর্ণিত হিসাব কোডে ফি পরিশোধ করিতে হইবে ঃ

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ৩ | ৪ | ৩ | ৭ | ০ | ০ | ০ | ০ | ১ | ৮ | ৪ | ১ |

(৩) কেবল রেজিস্ট্রারের পদবির অনুকূলে ব্যাংক ড্রাফটসমূহ রেখাংকিত (ক্রসড) ও উত্তোলনযোগ্য হইতে হইবে।

(৪) যেইক্ষেত্রে সরকারি ট্রেজারি বা সাব-ট্রেজারিতে জমার মাধ্যমে ফি পরিশোধ করা হয়, সেইক্ষেত্রে ফি পরিশোধের প্রমাণস্বরূপ চালানের মূলকপি রেজিস্ট্রারের অনুকূলে রেজিস্টার্ড ডাকযোগে কিংবা স্বহস্তে প্রেরণ করিতে হইবে।

৩৪। **শোতৃমন্ডলীর অধিকার**।—বোর্ড কিংবা রেজিস্ট্রারের সম্মুখে কোন কার্যাবলী চলাকালে যে কোন পক্ষ ব্যক্তিগতভাবে বা আইনজীবী বা অনুরূপ পক্ষের নিকট হইতে বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তির মাধ্যমে উপস্থিত হইতে এবং শুনানিতে অংশগ্রহণ করিতে পারিবে।

৩৫। **ব্যয়**।—বোর্ড বা রেজিস্ট্রারের সম্মুখে অনুষ্ঠিত কোন কার্যধারার ব্যয় বোর্ড কিংবা, ক্ষেত্রমত, রেজিস্ট্রারের বিবেচনা অনুযায়ী নির্বাহ করা হইবে।

## প্রথম তফসিল

### ফরম-১

কপিরাইট নিবন্ধন বহি

[বিধি ৩(২) দ্রষ্টব্য]

১। নিবন্ধন নম্বর

২। আবেদনকারীর নাম, ঠিকানা ও জাতীয়তা

৩। কপিরাইটে আবেদনকারীর স্বার্থের ধরন

৪। কর্মের শ্রেণী ও বর্ণনা

৫। কর্মের শিরোনাম

৬। কর্মের ভাষা

৭। লেখকের নাম, ঠিকানা ও জাতীয়তা; লেখক মৃত হইলে তাঁহার মৃত্যুর তারিখ

৮। কর্মটি প্রকাশিত নাকি অপ্রকাশিত

৯। কর্মটির প্রথম প্রকাশনার বৎসর, দেশ, প্রকাশকের নাম, ঠিকানা ও জাতীয়তা

১০। পরবর্তী প্রকাশনা, যদি থাকে, উহার বৎসর, দেশ এবং প্রকাশকের নাম, ঠিকানা ও জাতীয়তা

১১। কর্মটির কপিরাইটভুক্ত বিভিন্ন স্বত্বের মালিকবৃন্দের নাম, ঠিকানা, জাতীয়তা এবং প্রত্যেক স্বত্বাধিকারী কর্তৃক ধারণকৃত স্বত্বের পরিমাণসহ প্রদত্ত দায়িত্ব ও লাইসেন্সের বিবরণ যদি থাকে।

১২। অন্যান্য ব্যক্তিবর্গ, যদি থাকে, যাঁহারা কপিরাইটের স্বত্বনিয়োগ বা লাইসেন্স প্রদানের ক্ষমতাপ্রাপ্ত, তাঁহাদের নাম, ঠিকানা ও জাতীয়তা।

১৩। কর্মটি যদি শিল্পকর্ম হইয়া থাকে, তাহা হইলে মূল কর্মটি কোথায় আছে এবং যাঁহাদের দখলে আছে তাঁহাদের নাম, ঠিকানা ও জাতীয়তা (স্থাপত্যকর্মের ক্ষেত্রে কর্ম সমাপ্তির বৎসর উল্লেখ করিতে হইবে)।

১৪। মন্তব্য, যদি থাকে।

স্থান ঃ

তারিখ ঃ

নাম

স্বাক্ষর ও সীল

## ফরম-২

## কপিরাইট নিবন্ধের আবেদন

[বিধি ৪(১) দ্রষ্টব্য]

বরাবর,
রেজিস্ট্রার অব কপিরাইট,
কপিরাইট অফিস, ঢাকা।

জনাব,

কপিরাইট আইন (২০০০ সালের ২৮নং আইন) এর ধারা ৫৬ অনুযায়ী আমি এতদসঙ্গে আমার কর্মের কপিরাইট নিবন্ধনের জন্য আবেদন করিতেছি এবং কপিরাইট নিবন্ধন বহিতে এই কর্মের সঙ্গে সংশ্লিষ্ট ভুক্তিসমূহ লিপিবদ্ধ করিবার জন্য বিষয়াবলীর তিন কপি বিবরণী সংযুক্ত করিতেছি।

১. এই কর্মের সঙ্গে সম্পর্কযুক্ত অন্যান্য বিষয়াবলীর বিবরণীও যথাযথভাবে পূরণ করিয়া পাঠাইলাম।

২. কপিরাইট বিধিমালা, ২০০৬ এর বিধি-৪ এর উপ-বিধি (৩) অনুযায়ী আমি এই পত্র এবং তৎসংযুক্ত বিবরণীসমূহের কপি নিম্নোক্ত পদ্ধতিতে অন্যান্য পক্ষের নিকট হাতে হাতে/অগ্রিম রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করিয়াছিঃ

**পক্ষসমূহের নাম ও ঠিকানা** **প্রেরণের তারিখ/ডেসপ্যাচের তারিখ**

৩. নির্ধারিত ফি পরিশোধ করা হইয়াছে (নিম্নবিবরণী মোতাবেক)

৪. যোগাযোগের ঠিকানা ঃ

**সংযুক্তি তালিকা**

(ক) ......................

(খ) ......................

(গ) ......................

স্থান ঃ......................

তারিখ ঃ ...................

বিষয়াবলীর বিবরণী (তিনটি প্রতিলিপি পাঠাইতে হইবে)

আপনার বিশ্বস্ত

নাম
স্বাক্ষর ও সীল

## বিষয়াবলীর বিবরণী

(তিন কপি প্রেরণ করিতে হইবে)

১। নিবন্ধন সংখ্যা (কপিরাইট অফিস কর্তৃক পূরণ করিতে হইবে)

২। আবেদনকারীর নাম, ঠিকানা ও জাতীয়তা

৩। কপিরাইটে আবেদনকারীর স্বার্থের ধরন

৪। কর্মটির প্রকৃতি এবং বিবরণ

৫। কর্মটির শিরোনাম

৬। কর্মের ভাষা

৭। লেখকের নাম, ঠিকানা ও জাতীয়তা; এবং লেখক মৃত হইলে মৃত্যুর তারিখ

৮। কর্মটি ইতিমধ্যে প্রকাশিত হইয়াছে কি না

৯। প্রথম প্রকাশনার বৎসর, স্থান এবং প্রকাশকের নাম, ঠিকানা এবং জাতীয়তা

১০। পরবর্তীকালে আরো প্রকাশ হইলে সেইক্ষেত্রে প্রকাশকদের নাম, ঠিকানা ও জাতীয়তা

১১। কর্মটির কপিরাইটভুক্ত বিভিন্ন স্বত্বের মালিকবৃন্দের নাম, ঠিকানা, জাতীয়তা এবং প্রত্যেক মালিক কর্তৃক ধারণকৃত স্বত্বের ব্যাপ্তিসহ প্রদত্ত দায়িত্ব ও লাইসেন্সের বিবরণ যদি থাকে।

১২। কপিরাইটভুক্ত বিভিন্ন স্বত্বনিয়োগ বা লাইসেন্স প্রদানের ক্ষমতাপ্রাপ্ত, ব্যক্তিবর্গের নাম, ঠিকানা ও জাতীয়তা।

১৩। কর্মটি যদি শিল্পকর্ম হইয়া থাকে, তাহা হইলে মূল কর্মটি কোথায় আছে এবং যাঁহাদের আয়ত্ত আছে তাঁহাদের নাম, ঠিকানা ও জাতীয়তা (স্থাপত্যকর্মের ক্ষেত্রে কর্ম সমাপ্তির বৎসর উল্লেখ করিতে হইবে)।

১৪। মন্তব্য, যদি থাকে।

স্থান ঃ ........................

তারিখ ঃ ........................

নাম

স্বাক্ষর ও সীল।

## অন্যান্য বিষয়াবলীর বিবরণী

(শুধু সাহিত্যকর্ম, নাট্যকর্ম, কম্পিউটার সফ্টওয়্যার, সঙ্গীতকর্ম ও শিল্পকর্মের জন্য)

(তিন কপি প্রেরণ করিতে হইবে)

১। কর্মটি নিবন্ধনের জন্য বিবেচনার ক্ষেত্রসমূহ ঃ

(ক) ইহা কি একটি মৌলিক কর্ম?

(খ) সকলের জন্য প্রকাশ্য কোন্ কর্মের অনুবাদ?

(গ) কপিরাইটকৃত কোন্ কর্মের অনুবাদ?

(ঘ) সকলের জন্য প্রকাশ্য কোন্ কর্মের অভিযোজন?

(ঙ) কপিরাইটকৃত কোন্ কর্মের অভিযোজন?

২। কর্মটি যদি কপিরাইটকৃত কোন কর্মের অনুবাদ কিংবা অভিযোজন হইয়া থাকে, সেই ক্ষেত্রে—

(ক) মৌলিক কর্মটির শিরোনাম

(খ) মৌলিক কর্মটির ভাষা

(গ) মৌলিক কর্মটির লেখকের নাম, ঠিকানা ও জাতীয়তা এবং লেখক মৃত হইলে তাঁহার মৃত্যুর তারিখ

(ঘ) কর্মটির প্রকাশকের নাম, ঠিকানা ও জাতীয়তা, যদি থাকে

(ঙ) কর্মটির অনুবাদ কিংবা অভিযোজন করার ক্ষমতা প্রাপ্তির বিবরণসহ ক্ষমতাপ্রদানকারীর নাম, ঠিকানা ও জাতীয়তাসহ অনুমোদনের বিস্তারিত বিবরণ।

৩। মন্তব্য (যদি থাকে)।

স্থান ঃ ........................

তারিখ ঃ ........................

নাম

স্বাক্ষর ও সীল

**ফরম-৩**

কপিরাইট রেজিস্ট্রারে অর্ন্তভুক্ত বিষয়াবলীর বিবরণীতে পরিবর্তনাদি নিবন্ধনের জন্য আবেদন

[বিধি ৪(১) দ্রষ্টব্য]

বরাবর,
কপিরাইট রেজিস্ট্রার,
কপিরাইট অফিস, ঢাকা।

জনাব,

কপিরাইট বিধিমালা, ২০০৬ এর বিধি ৪ অনুযায়ী আমি কপিরাইট রেজিস্টারে অর্ন্তভুক্ত বিষয়াবলীর বিবরণীতে পরিবর্তনাদি নিবন্ধনের জন্য আবেদন করিতেছি এবং সংযুক্ত বিষয়াবলীর বিবরণে প্রদর্শিত পরিবর্তন অনুযায়ী বিদ্যমান এন্ট্রিসমূহ পরিবর্তন করার জন্য অনুরোধ জানাইতেছি।

আমি হাতে হাতে/রেজিস্ট্রি ডাকে এই পত্রের অনুলিপি এবং বিষয়াবলীর বিবরণী সংশ্লিষ্ট পক্ষসমূহের নিকট পাঠাইয়াছি, যাহা নিম্নে প্রদত্ত হইল ঃ

৩. নির্ধারিত ফি পরিশোধের বিবরণ নিম্নে প্রদত্ত হইল।

৪. সংশ্লিষ্ট বিষয়ে যোগাযোগের ঠিকানা ঃ

স্থান ঃ ............................

তারিখ ঃ ..........................

আপনার বিশ্বস্ত

নাম

স্বাক্ষর ও সীল।

**বিষয়াবলীর বিবরণ**

১। কপিরাইটের রেজিস্টারে রেজিস্ট্রেশন নম্বর

২। কপিরাইটের রেজিস্টারে নিবন্ধিত বিষয়াবলীতে যে পরিবর্তন করিতে হইবে

| রেজিস্টারে সংশ্লিষ্ট কলাম | রেজিস্টারে বর্তমান ভুক্তি | বর্তমান ভুক্তির স্থলে প্রস্তাবিত ভুক্তি | প্রস্তাবিত পরিবর্তনের কারণ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

**নোট ঃ** প্রস্তাবিত এই পরিবর্তনের ফলে যদি কপিরাইটের লাইসেন্স বা এসাইনমেন্টে কোন প্রভাব পড়ে, তাহা হইলে এসাইনমেন্ট দলিল বা লাইসেন্সের সত্যায়িত অনুলিপি প্রদান করিতে হইবে।

**সংযুক্তিসমূহ** নাম

স্থান ঃ স্বাক্ষর ও সীল

তারিখ ঃ

ফরম-৪

**অনুবাদ কর্মের লাইসেন্স এর জন্য আবেদন**

[বিধি ৮(১) দ্রষ্টব্য]

(তিন কপি দাখিল করিতে হইবে)

বরাবর,

কপিরাইট রেজিস্ট্রার,
কপিরাইট অফিস, ঢাকা।

জনাব,

কপিরাইট আইন, ২০০০ (২০০০ সনের ২৮ নং আইন) এর ধারা ৫২ অনুসারে এতদ্বারা আমি কপিরাইট বোর্ডের কাছে আবেদন করিতেছি যে, আমাকে নিম্নের সংযুক্ত বিবরণের কর্মটির অনুবাদ, প্রণয়ন এবং প্রকাশের জন্য লাইসেন্স দেওয়া হউক।

আমি এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, আমাকে লাইসেন্স প্রদান করা হইলে আমি উহার সকল নিয়ম ও শর্তসমূহ কঠোরভাবে মানিয়া চলিব।

আপনার বিশ্বস্ত

নাম
স্বাক্ষর ও সীল

স্থান ঃ........................তারিখ ঃ.................................

**বিবরণ**

১। আবেদনকারীর পূর্ণ নাম (স্পষ্ট বড় অক্ষরে)

২। আবেদনকারীর পূর্ণ ঠিকানা ও জাতীয়তা

৩। টেলিফোন, ই-মেইল, তারবার্তা ঠিকানা (যদি থাকে)

৪। কর্মের বিবরণ ঃ

(ক) কর্মের শ্রেণী (সাহিত্যকর্ম/নাট্যকর্ম/অন্যান্য)

(খ) কর্মের শিরোনাম

(গ) লেখকের পূর্ণ নাম, ঠিকানা ও জাতীয়তা আর লেখক মৃত হইয়া থাকিলে তাঁহার মৃত্যুর তারিখ

(ঘ) কর্মের ভাষা

(ঙ) প্রকাশকের নাম, ঠিকানা ও জাতীয়তা

(চ) প্রকাশনার বৎসর

(ছ) প্রথম প্রকাশনার দেশ

(জ) কর্মটির প্রতি কপির মূল্য

(ঝ) যদি এই কর্মের কপিরাইট নিবন্ধন কপিরাইট আইন, ২০০০ (২০০০ সনের ২৮ নং আইন) এর ধারা ৫৬ এর অধীন হইয়া থাকে, তাহা হইলে উহার নিবন্ধন নং.........

(যদি এই কর্ম কোন ম্যাগাজিন বা জার্নালে ধারাবাহিকভাবে বা অন্যরূপে প্রকাশিত হইয়া থাকে তাহা হইলে সেই ম্যাগাজিন বা জার্নালের নাম, সংখ্যা, তারিখ ও পৃষ্ঠার উল্লেখ করুন)।

৫। যেই ভাষায় কর্মটি অনুবাদ করা হইবে উহার প্রস্তাব

৬। অনুবাদকের পূর্ণনাম, ঠিকানা ও যোগ্যতা

৭। আবেদনকারীর অনুবাদ সম্পন্ন করা ও প্রকাশ করার যোগ্যতা

৮। অনুদিত কর্মটি কত কপি প্রকাশিত হইবে

৯। অনুবাদ ও প্রকাশের প্রাক্কলিত ব্যয়

১০। অনুদিত প্রতিটি কপির প্রস্তাবিত খুচরা মূল্য

১১। কপিরাইটের মালিককে যে হারে রয়্যালটি পরিশোধ করা সঙ্গত বলিয়া আবেদনকারী মনে করেন

১২। আবেদনকারী কোন্ পদ্ধতিতে রয়্যালটি পরিশোধ করিবেন

১৩। নির্ধারিত ফি প্রদান করা হইয়াছে কি না; হইয়া থাকিলে তৎসংক্রান্ত তথ্য (ব্যাংক ড্রাফট/ট্রেজারী চালান নং)

১৪। (ক) অনুবাদের জন্য লাইসেন্স ইস্যু করতে পারেন এমন উপযুক্ত ব্যক্তির পূর্ণ নাম, ঠিকানা ও জাতীয়তা

(খ) আবেদনকারী উক্ত ব্যক্তির সন্ধান পাইয়াছেন কি না

(গ) উক্ত ব্যক্তিকে আবেদনকারী অনুরোধ জানাইয়াছেন কি না এবং অনুরুদ্ধ ব্যক্তি অনুবাদসম্পন্ন ও প্রকাশ করিবার অনুমতি দিতে অস্বীকৃতি জানাইয়াছেন কি না

(ঘ) যদি আবেদনকারী স্বত্বাধিকারীকে না পাইয়া থাকেন, তাহা হইলে তিনি অনুরোধপত্রের একটি কপি প্রকাশকের নিকট পাঠাইয়াছেন কি না; পাঠাইয়া থাকিলে পাঠানোর তারিখ ও পত্রের অনুলিপি (যদি থাকে সত্যায়িত কপি সংযুক্ত করুন)

১৫। কর্মিটির লেখক সমুদয় গ্রন্থ বাজার হইতে প্রত্যাহার করিয়াছেন কি না

১৬। (ক) একই ভাষায় গ্রন্থটি আগে অনূদিত হইয়াছিল কি না

(খ) আগের অনূদিত ও প্রকাশিত কপি নিঃশেষিত কি না

(গ) পূর্ববর্তী অনুবাদকের পূর্ণ নাম, ঠিকানা ও জাতীয়তা এবং যদি অনুবাদক মৃত হন, তাঁহার মৃত্যুর তারিখ

(ঘ) পূর্ববর্তী অনুবাদের শিরোনাম

(ঙ) পূর্ববর্তী অনুবাদের প্রকাশকের পূর্ণ নাম, ঠিকানা ও জাতীয়তা

(চ) প্রকাশনার বৎসর;

(ছ) পূর্বে প্রকাশিত অনূদিত গ্রন্থটির প্রতি কপির মূল্য;

(জ) যদি পূর্ববর্তী অনুবাদ ৫৬ নং ধারা মোতাবেক নিবন্ধিত হইয়া থাকে তাহা হইল উহার নম্বর

(ঝ) কপিরাইট স্বত্বাধিকারীকে পূর্ববর্তী অনুবাদের জন্য প্রদত্ত রয়্যালটির হার ও পরিমাণ, যদি জানা থাকে।

১৭। (ক) পূর্বোক্ত ৫ নং অনুচ্ছেদে বর্ণিত ভাষা ছাড়া অন্য কোন ভাষায় অনুবাদ হইয়াছে কি না

(খ) অনুবাদকের পূর্ণ নাম, ঠিকানা ও জাতীয়তা এবং যদি অনুবাদক মৃত হন তাঁহার মৃত্যুর তারিখ

(গ) অনুবাদের শিরোনাম

(ঘ) অনুবাদের ভাষা

(ঙ) অনুবাদটির প্রকাশকের পূর্ণ নাম, ঠিকানা ও জাতীয়তা

(চ) প্রকাশনার বৎসর

(ছ) অনূদিত প্রতিটি কপির মূল্য

(জ) যদি পূর্ববর্তী অনুবাদ ৫৬ ধারা অনুযায়ী নিবন্ধনকৃত হইয়া থাকে তাহা হইলে উহার নম্বর

(ঝ) কপিরাইট স্বত্বাধিকারীকে প্রদত্ত রয়্যালটির হার ও পরিমাণ, যদি জানা থাকে

১৮। মন্তব্য, যদি থাকে

১৯। সংযুক্তির তালিকা

নাম

স্বাক্ষর ও সীল

স্থান ঃ...............

তারিখ ঃ..................

**ফরম-৫**

**কপিরাইট পরিত্যাগের নোটিশ**

(বিধি ২৭ দ্রষ্টব্য)

বরাবর,
কপিরাইট রেজিস্ট্রার,
কপিরাইট অফিস, ঢাকা।

জনাব,

কপিরাইট আইন, ২০০০ (২০০০ সনের ২৮ নং আইন) এর ধারা ২২ অনুযায়ী আমি এতদ্বারা নোটিশ প্রদান করিতেছি যে, এই নোটিশের তারিখ হইতে আমি সংযুক্ত হলফনামায় বর্ণিত পদ্ধতি মোতাবেক আমার এই কর্মের কপিরাইট পরিত্যাগ করিতেছি।

আপনার বিশ্বস্ত

নাম
স্বাক্ষর ও সীল

স্থান : ........................
তারিখ : ........................

**হলফনামার ফরম**

আমি,

---

(স্পষ্ট অক্ষরে পূর্ণ নাম)

আমি এই মর্মে হলফ করিতেছি যে,

(১) আমি নিম্নের বিবরণীতে প্রদত্ত কর্মের/গ্রন্থের লেখক।

(২) আমি উক্ত কর্মের কপিরাইটের মালিক এবং আমার স্বত্ব-সীমা নিম্নের বিবৃতিতে সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হইয়াছে।

(৩) এতদ্বারা আমি উক্ত কর্মে আমার অধিকার পরিত্যাগ করিতেছি, যাহার স্বত্ব-সীমা বিবৃতিতে সুনির্দিষ্টভাবে বর্ণিত হইয়াছে।

১। **কর্মের বর্ণনা :**

(ক) কর্মের শ্রেণী (সাহিত্য, নাট্য, কম্পিউটার সফটওয়্যার, সংগীত, শিল্প, চলচ্চিত্র বিষয়ক ছবি, ধারণ এবং সম্প্রচার)

(খ) কর্মের নাম

(গ) পূর্ণ নাম, ঠিকানা এবং লেখকের জাতীয়তা

(ঘ) কর্মের ভাষা

(ঙ) নাম, ঠিকানা এবং প্রকাশকের জাতীয়তা

(চ) প্রকাশনার বৎসর

(ছ) যে দেশে প্রথম প্রকাশিত হইয়াছে

(জ) যদি এই কর্মের কপিরাইট নিবন্ধন ৫৬ নং ধারায় হইয়া থাকে, তাহা হইলে উহার নিবন্ধন নং (যদি এই কর্মটি কোন ম্যাগাজিন বা জার্নালে ধারাবাহিকভাবে বা অন্যরূপে প্রকাশিত হইয়া থাকে হইলে সেই ম্যাগাজিন বা জার্নালের নাম, সংখ্যা, তারিখ ও পৃষ্ঠার উল্লেখ করুন)।

২। হলফনামা সম্পাদনের তারিখে হলফকারী যে সব অধিকারের মালিক ছিলেন (যদি অধিকারগুলি অন্যদের সাথে যৌথভাবে থাকে, তাহা হইলে যৌথ মালিকদের নাম, ঠিকানা এবং জাতীয়তা)।

৩। অধিকারগুলি কতখানি পরিত্যাগ করা হইয়াছে

**ফরম-৬**

**কপিরাইট লঙ্ঘনকারী কপিসমূহ আমদানীর ক্ষেত্রে নিষেধাজ্ঞা**
(বিধি ২৮ দ্রষ্টব্য)

বরাবর,
কপিরাইট রেজিস্ট্রার,
কপিরাইট অফিস, ঢাকা।

জনাব,

কপিরাইট আইন, ২০০০ (২০০০ সনের ২৮ নং আইন) এর ধারা ৭৪ অনুসারে আমি এই মর্মে বিবৃতি দিতেছি যে, আমি এই কপিরাইটের স্বত্বাধিকারী।

আমি.................................................................................এর ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি,
(পূর্ণ নাম)

যিনি এইসঙ্গে সংযুক্ত হলফনামায় উল্লেখিত কর্মটির সুনির্দিষ্ট কপিরাইটের স্বত্বধিকারী: এবং আমি এমন একটি আদেশের জন্যে আবেদন করিতেছি যেন বর্ণিত হলফনামায় উল্লেখিত গ্রন্থের কপি বাংলাদেশে আমদানি করা না হয়।

২। অধিকন্তু আমি উক্ত কপিরাইট-লঙ্ঘনকারী কর্মের/গ্রন্থের একটি কপিও সংযুক্ত করিতেছি।

৩। যে কর্ম/গ্রন্থের আমদানি নিষিদ্ধ করার জন্য আবেদন করা হইয়াছে উহার কপিরাইট-লঙ্ঘন সম্পর্কিত অতিরিক্ত প্রমাণাদি আমি এইসংগে সংযোজন করিতেছি (বিবরণ দেওয়া হইল)

৪। ইহার নির্ধারিত ফি প্রদান করা হইয়াছে যাহার বিবরণ নিম্নরূপ ঃ (বিবরণ দেওয়া হইল)

৫। উপরোক্ত বিষয়ে যোগাযোগের ঠিকানা ঃ

আপনার বিশ্বস্ত

নাম
স্বাক্ষর ও সীল

স্থান ঃ ..............................
তারিখ ঃ ..........................

**হলফনামার ফরম**

আমি, ______________________________

(বড় অক্ষরে পূর্ণ নাম)

আমি এই মর্মে হলফ করিতেছি যে,

(১) নিম্নলিখিত বিষয়ের বিবরণাদি আমার জানামতে সঠিক।

(২) নিম্নের বিবরণে বর্ণিত কর্মের কপিরাইট লঙ্ঘিত হইবে যদি কপিসমূহ আমদানী করিতে অনুমতি দেওয়া হয়।

(৩) নিম্নবর্ণিত কারণে আমি উক্ত কপিরাইট লঙ্ঘনকারী কপিসমূহের আমদানীর ক্ষেত্রে বাধা প্রদান করিতেছি।

______________________________

______________________________

(কারণসমূহ লিখুন) এবং

(৪) আমদানীকারকের ব্যক্তিগত ও পারিবারিক ব্যবহারের জন্য লঙ্ঘনকৃত কপিগুলো আমদানী করা হয় নাই।

## বিবৃতি

ক. **কর্মের বিবরণ এবং ধারণকৃত অধিকার**

(১) আবেদনকারীর পূর্ণ নাম, ঠিকানা এবং জাতীয়তা

(২) আবেদনকারীর টেলিফোন, ই-মেইল, টেলিগ্রাফিক ঠিকানা, ইত্যাদি

(৩) আবেদনকারী কপিরাইটের স্বত্বাধিকারী না হইলে, প্রকৃত কপিরাইট স্বত্বাধিকারীর পূর্ণ নাম, ঠিকানা এবং জাতীয়তা।

(৪) **কর্মের বর্ণনা ঃ**

(ক) কর্মের শ্রেণী (সাহিত্য, নাট্য, কম্পিউটার, সফটওয়ার, সংগীত, শিল্প, চলচ্চিত্র, ধারণ এবং সম্প্রচার)।

(খ) কর্মের নাম

(গ) লেখকের পূর্ণ নাম, ঠিকানা এবং জাতীয়তা;
লেখক যদি মৃত হন, তবে তাহার মৃত্যুর তারিখ।

(ঘ) কর্মের ভাষা

(ঙ) প্রকাশকের নাম এবং ঠিকানা

(চ) যে দেশে প্রথম প্রকাশিত হইয়াছে

(ছ) যদি এই কপিরাইটের সংশ্লিষ্ট ধারা অনুযায়ী নিবন্ধিত হইয়া থাকে, তাহা হইলে উহার নিবন্ধন নম্বর (যদি এই কর্মটি কোন ম্যাগাজিন বা জার্ণালে ধারাবাহিকভাবে বা অন্যরূপে প্রকাশিত হইয়া থাকে তাহা হইলে সেই ম্যাগাজিন বা জার্ণালের নাম, সংখ্যা, তারিখ ও পৃষ্ঠার উল্লেখ করুন)।

খ. **কপিরাইট-লঙ্ঘনকারী কপির আমদানির বিস্তারিত তথ্য ঃ**

(১) লঙ্ঘনকারী কপি যে উৎস দেশ হইতে আসিয়াছে

(২) বাংলাদেশে আমদানিকারকের নাম, ঠিকানা এবং জাতীয়তা

(৩) লঙ্ঘনকারী কপি প্রস্তুতকারীর নাম, ঠিকানা এবং জাতীয়তা

(৪) বাংলাদেশে লঙ্ঘনকারী কপি আমদানির প্রত্যাশিত সময় এবং স্থান

(৫) লঙ্ঘনকারী কপিগুলির আমদানীকৃত কোন চালান ধরা পড়িলে বা আটক করা হইলে কপিরাইট রেজিস্ট্রারের সন্তুষ্টির জন্য উক্ত কপিগুলি সনাক্ত করার জন্য আবেদনকারী নিজে বা তাহার ক্ষমতাপ্রাপ্ত কোন প্রতিনিধি আসিবেন কি না।

গ. অন্য কোন প্রাসঙ্গিক তথ্য যাহা উপরে উল্লেখ করা হয় নাই ঃ

স্থান ঃ.......................... নাম

তারিখ ঃ................................ স্বাক্ষর ও সীল

**ফরম-৭**

[ বিধি ৯(৪) দ্রষ্টব্য ]

কপিরাইট আইন, ২০০০ (২০০০ সনের ২৮ নং আইন) এর ধারা ৫২ অনুযায়ী লাইসেন্স

কপিরাইট আইন ২০০০ (২০০০ সনের ২৮ নং আইন) এবং তদধীন প্রণীত কপিরাইট বিধিমালা, ২০০৬ এর আওতায় কপিরাইট বোর্ড জনাব.......................................................
ঠিকানা.............................................................................................................
............................................ কে এতদ্বারা, ...............................................................
কর্ম/গ্রন্থটি বাংলাদেশে.................সংস্করণার.............কপি

মুদ্রণ ও প্রকাশের সর্বস্বত্ব প্রদান করা হইল। এই গ্রন্থের শিরোনাম..........................................
..........................এবং ইহার প্রকৃত স্বত্বাধিকারীর নাম....................................

ঠিকানা..............................................................................................................।
এই লাইসেন্সের আওতায় মুদ্রিত ও প্রকাশিত এই গ্রন্থটির প্রতি কপির খুচরা মূল্য হইবে.................
............................টাকা মাত্র।

লাইসেন্স গ্রহীতা এই লাইসেন্সের আওতায় মুদ্রিত এই গ্রন্থটির প্রতি কপির খুচরা বিক্রয়মূল্যের উপর... ...............................টাকা হারে স্বত্বাধিকারীকে রয়্যালটি প্রদান করিবেন।

তারিখ.................. দিন................ মাস................. বৎসর

.......................................

লাইসেন্স গ্রহীতা

**লাইসেন্স গ্রহণ**

আমি.........................................................................................................

ঠিকানা.........................................................এতদ্বারা উপরে বর্ণিত লাইসেন্স গ্রহণ

করিতেছি এবং কপিরাইট আইন ২০০০ (২০০০ সালের ২৮ নং আইন) এবং কপিরাইট বিধিমালা ২০০৬ এর যাবতীয় বাধ্যবাধকতা মানিয়া চলিবার অঙ্গীকার করিতেছি।

তারিখ.................. দিন................. মাস.................. বৎসর

.......................................

লাইসেন্স গ্রহীতা

**ফরম-৮**

**কপিরাইট সোসাইটি নিবন্ধনের জন্য আবেদনপত্র**

[ বিধি ১৪(১) দ্রষ্টব্য ]

১. যে সকল ব্যক্তিবর্গ সোসাইটি গঠন করিয়াছেন, তাহাদের নাম ও ঠিকানা (অতঃপর আবেদনকারী বলিয়া অভিহিত হইবে)

........................................................................................................ (স্পষ্ট বড় অক্ষরে)

২. ঐ সকল ব্যক্তির পেশা

৩. যে সব কর্মে ঐ সকল ব্যক্তির কপিরাইট বা অন্যান্য অধিকার রহিয়াছে, উহার বিস্তারিত বিবরণ

৪. যে শ্রেণীর বা ধরণের কর্ম বা যে সব অধিকারের বিষয়ে আবেদনকারী ব্যবসা করিবার প্রস্তাব করিয়াছে, উহার বিবরণ।

৫. যে এলাকা বা এলাকাসমূহে এই ব্যবসা প্রযোজ্য হইবে।

৬. আবেদনকারীর পরিচালনা পর্ষদ যে সব ব্যক্তি লইয়া গঠিত, তাহাদের নাম ও ঠিকানা

৭. যে নামে আবেদনকারী কপিরাইট সমিতির নিবন্ধন পাইতে ইচ্ছুক

৮. যে নিবন্ধিত/প্রশাসনিক দপ্তরে সোসাইটির রেকর্ডপত্র পরিচালিত ও সংরক্ষিত থাকিবে, উহার ঠিকানা।

৯. আবেদনকারীর প্রধান নির্বাহী কর্মকর্তার পদবী ও পূর্ণ ঠিকানা

১০. আবেদন পেশ করিবার তারিখে আবেদনকারীর আর্থিক অবস্থা (ব্যাংক ব্যালেন্স বা নিরীক্ষিত হিসাব বিবরণী)।

১১. পরিচালনা পর্ষদের সদস্যদের স্বাক্ষরসহ নাম

১২. প্রধান নির্বাহী কর্মকর্তার নাম ও স্বাক্ষর

**ফরম-৯**

[ বিধি ১৪(৫) দ্রষ্টব্য ]

এতদ্বারা প্রত্যয়ন করা যাইতেছে যে, ........................................................................ (নাম) সরকার কর্তৃক কপিরাইট আইন, ২০০০ সনের ধারা ১৪ এর অধীন কপিরাইট সোসাইটি হিসাবে নিবন্ধিত হইয়াছে, যাহার নিবন্ধন সংখ্যা......................................... ।

এই সোসাইটিকে............................................................... (যে শ্রেণীর ব্যবসা করিবে উহার নাম) ব্যবসা শুরু করিবার ও চালাইয়া যাইবার অনুমতি প্রদান করা হইল।

নিম্নলিখিত শর্তাবলী সাপেক্ষে এই নিবন্ধন ও অনুমতি প্রদান করা হইল এবং উহা মানিয়া চলিতে ব্যর্থ হইলে প্রদত্ত নিবন্ধন ও অনুমতি বাতিল করা যাইতে পারে ঃ

১. আবেদনপত্রে প্রদত্ত তথ্যাবলী সঠিক ও বিশুদ্ধ এবং উহা কোন প্রকারে বিভ্রান্তিকর নহে; এবং

২. কপিরাইট আইন ২০০০, কপিরাইট (সংশোধন) আইন, ২০০৫ এবং কপিরাইট বিধিমালা, ২০০৫ এর আওতায় বা তদ্দ্বারা আরোপিত সকল বাধ্যবাধকতা কপিরাইট সোসাইটি মানিয়া চলিবে।

স্থান ঃ.............................. সীল

তারিখ ঃ........................................ রেজিস্ট্রার অব কপিরাইট।

## দ্বিতীয় তফসিল

( বিধি ৩৩ দ্রষ্টব্য )

### কপিরাইটের অধীনে প্রদেয় ফি

| ক্রমিক নং | বিষয় | আবেদন ফি |
|---|---|---|
| ১। | সাহিত্য, নাট্যকলা, কম্পিউটার, সফটওয়ার, সংগীত বিষয়ক অথবা শিল্পকর্মের পুনর্মুদ্রণের/প্রকাশকের লাইসেন্সের জন্য (ধারা ৪৮-৫১) | ১,৫০০.০০ |
| ২। | চলচ্চিত্র বিষয়ক কর্মের পুনর্মুদ্রণের/প্রকাশের লাইসেন্সের জন্য {ধারা ৫০-৫১} | ৩,০০০.০০ |
| ৩। | কোন রেকর্ড পুনঃপ্রকাশের লাইসেন্সের জন্য {ধারা ৫০-৫১} | ১,৫০০.০০ |
| ৪। | প্রকাশ্যে বাংলাদেশী কর্ম উপস্থাপনের অথবা সর্বসাধারণের সঙ্গে যোগাযোগ স্থাপনে কার্যক্রম গ্রহণের লাইসেন্সের জন্য (সম্প্রচারের মাধ্যমে সর্বসাধারণের উদ্দেশ্যে কার্যক্রম জ্ঞাপনের লাইসেন্সের জন্য) {ধারা ৫০-৫১} | ৮০০.০০ |
| ৫। | কোন্ ভাষায় সাহিত্য অথবা নাট্যকলা বিষয়ক কর্মের অনুবাদ প্রকাশ ও উপস্থাপনের লাইসেন্সের আবেদন ফি {ধারা ৫২} | ১,৫০০.০০ |
| ৬। | সাহিত্য, নাট্যকলা, কম্পিউটার, সফটওয়ার, সংগীত বিষয়ক অথবা শিল্পকর্মের কপিরাইট নিবন্ধনের আবেদন ফি {ধারা ৫৬} | ১,০০০.০০ |
| ৭। | চলচ্চিত্র বিষয়ক কর্মের কপিরাইটের নিবন্ধীকরণের আবেদন ফি {ধারা ৫৬} | ১,০০০.০০ |
| ৮। | বেতার/টেলিভিশন/ই-মেইল/ ওয়েবসাইট/অন্যান্য প্রাগ্রসর ইলেক্ট্রনিক মাধ্যমে সম্প্রচারের আবেদনের জন্য {ধারা ৩৩-৩৮, ৫০} | ১,৫০০.০০ |
| ৯। | কপিরাইটের স্বত্ব নিয়োগের/নির্ধারণের নিবন্ধীকরণের আবেদন ফি {ধারা ৫৭} | ৮০০.০০ |
| ১০। | কপিরাইট নিবন্ধনের বিষয়টি রেকর্ড করার আবেদন ফি {ধারা ৫৬} | ৮০০.০০ |
| ১১। | নিবন্ধন বহি হইতে উদ্ধৃতি গ্রহণের জন্য {ধারা ৫৫(৩)} | ৩০০.০০ |
| ১২। | সূচি/ইনডেক্স হইতে উদ্ধৃতি গ্রহণের জন্য {ধারা ৫৫(৩)} | ৩০০.০০ |
| ১৩। | নিবন্ধন বহি বা সূচি/ইনডেক্স হইতে উদ্ধৃতির সত্যায়িত কপির জন্য {ধারা ৫৫(৩)} | ৩০০.০০ |
| ১৪। | বোর্ড অথবা নিবন্ধকের হেফাজতে রক্ষিত যে কোন সরকারী দলিলের সত্যায়িত প্রতিলিপির জন্য {ধারা ৫৫(৩)} | ৩০০.০০ |
| ১৫। | কপিরাইট লঙ্ঘনকারী কপিসমূহের অনুপ্রবেশ রোধের আবেদন ফি {ধারা (৭৪)} | ১,৬০০.০০ |

| ক্রমিক নং | বিষয় | আবেদন ফি |
|---|---|---|
| ১৬। | কপিরাইটের রেজিস্ট্রারে নিবন্ধিত বিষয়াবলীতে পরিবর্তনের আবেদন ফি {ধারা ৫৬-৫৮} | ৩০০.০০ |
| ১৭। | অপ্রকাশিত বাংলাদেশী কর্মের লাইসেন্সের জন্য {ধারা ৫১} | ৮০০.০০ |
| ১৮। | রেজিস্ট্রারের আদেশ/সিদ্ধান্তের বিরুদ্ধে কপিরাইট বোর্ডে আপীলের জন্য {ধারা ৯৫} | ২,০০০.০০ |
| ১৯। | কপিরাইট পরিত্যাগের নোটিশের জন্য {ধারা ২২} | ১,০০০.০০ |
| ২০। | শুনানির তারিখ বর্ধিত করার আবেদন ফি {ধারা ৯৯} | ৩০০.০০ |
| ২১। | কপিরাইট সোসাইটি নিবন্ধনের লক্ষ্যে আবেদন ফি {ধারা ৪১} | ৫,০০০.০০ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল কাইয়ুম**
সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।